

নো রিফিউজাল ট্যাক্সির জন্য পাঁচ লাখে অ্যাম্বাসাড়র আনল হিন্দুস্থান মোটরস

নিজস্ব প্রতিনিধি - সি কে বিড়লা প্রপ্রের হিন্দুস্থান মোটরস লিমিটেড 'অ্যাম্বাসাড়র এনকোর' নামে বিএস iv-কমপ্লিয়েন্ট ১.৫ লিটার ডিজেল অ্যাম্বাসাড়র আনল বাজারে। সংস্থার পক্ষে এর মূল্য ধার্য করা হয়েছে ৪ লক্ষ ৯৭ হাজার ৮৭৬ টাকা। সোমবার থেকেই এই গাড়ির বুকিং শুরু হয়েছে।

উল্লেখ্য, সম্প্রতি রাজ্য সরকার ২০০০ টি 'নো রিফিউজাল ট্যাক্সি'র পারমিট দিয়েছে। আগামী নভেম্বর মাসের মধ্যে এই বিভাগে আরও দু'হাজার পারমিট দিতে চলেছে সরকার। এই বিভাগের জন্যই 'অ্যাম্বাসাড়র এনকোর' গাড়িগুলি বাজারে আনা হচ্ছে বলে সংস্থার তরফ থেকে জানানো হয়েছে। অন্যদিকে কোনও ক্রেতা যদি পুরনো গাড়ির বদলে এই মডেলের নতুন গাড়ি নিতে ইচ্ছুক হন, সেক্ষেত্রে তাঁকে আকর্ষণীয় ছাড় দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে সংস্থার তরফে।

এই গাড়ির বিষয়ে হিন্দুস্থান মোটরস লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর এবং সিইও উত্তম রোস জানান,

ক্রেতাদের কথা মাথায় রেখে এক অসাধারণ অফার দেওয়া হচ্ছে হিন্দুস্থান মোটরসের তরফ থেকে। প্রযুক্তি ও গুণগতমানের ক্ষেত্রে কোনও রকম আপস না করে অবিশ্বাস্য কমদামে 'অ্যাম্বাসাড়র এনকোর' বাজারে আনা হয়েছে। পাশাপাশি ক্রেতাদের কথা ভেবে এই গাড়ির ইঞ্জিন বিএস III ১.৫-লিটার ডিজেল ইঞ্জিন থেকে বিএস iv স্ট্যান্ডার্ড ও ওবিডি ২ লেভেলে উন্নীত করা হয়েছে বলেও জানান উত্তমবাবু।

এই রাজ্যের বিভিন্ন ট্যাক্সি অ্যাসোসিয়েশনের নেতাদের সঙ্গে এক সভায় 'অ্যাম্বাসাড়র এনকোর'- এর দাম ঘোষণা করেন হিন্দুস্থান মোটরসের বিক্রয় বিভাগের প্রধান চন্দন বোস। এই গাড়ি অটোমোটিভ রিসার্চ অ্যাসোসিয়েশন অব ইণ্ডিয়ার শংসাপত্র পাওয়ার আগেই ট্যাক্সি অ্যাসোসিয়েশনের আধিকারিকদের পরীক্ষামূলকভাবে ব্যবহার করতে দেওয়া হয়। অন্যদিকে বেঙ্গল ট্যাক্সি অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক বিমলকুমার শুহও এই গাড়ির ভূয়সী প্রশংসা করেন।